ক্যামব্রিজে জুলাই গণঅভ্যুত্থানের অভিজ্ঞতা জানালেন নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

যুক্তরাজ্যের ক্যামব্রিজ ইউনিভার্সিটিতে আয়োজিত এক আলোচনায় ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের অভিজ্ঞতা তুলে ধরেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম এমপি।

স্থানীয় সময় শনিবার (১৪ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের বাংলা সোসাইটির উদ্যোগে আয়োজিত একক আলোচনা অনুষ্ঠানে অংশ নেন তিনি। সেখানে জুলাই গণঅভ্যুত্থানের ঘটনাপ্রবাহ ও এর পেছনের প্রেক্ষাপট নিয়ে কথা বলেন নাহিদ ইসলাম। একই সঙ্গে ২০২৪ সালের জুলাইয়ের চেতনা ধারণ করে নতুন বাংলাদেশ গড়ার প্রত্যাশার কথাও জানান।

এর আগে শুক্রবার (১৩ নভেম্বর) সন্ধ্যায় লন্ডনে পৌঁছান নাহিদ ইসলাম। বিমানবন্দরে যুক্তরাজ্য এনসিপির নেতাকর্মীরা তাঁকে ফুল দিয়ে স্বাগত জানান। এ সময় দলের স্থানীয় নেতাদের সঙ্গে কুশল বিনিময় করেন তিনি।

সফরসূচি অনুযায়ী, ব্রিটিশ পার্লামেন্টের হাউস অব কমন্সের আন্তর্জাতিক উন্নয়ন কমিটির সঙ্গে বৈঠক করার কথা রয়েছে নাহিদ ইসলামের। এ ছাড়া ওয়েস্টমিনস্টার ফাউন্ডেশন ফর ডেমোক্রেসি এবং হিউম্যান রাইটস ওয়াচের প্রতিনিধিদের সঙ্গেও তাঁর আলোচনা হওয়ার কথা রয়েছে।

এসব বৈঠকে জুলাই গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা, মানবাধিকার সুরক্ষা এবং প্রাতিষ্ঠানিক সংস্কারের প্রয়োজনীয়তা ও বাস্তবায়নের চ্যালেঞ্জ নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।

এনসিপির পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ১৬ নভেম্বর যুক্তরাজ্যের বাংলাদেশি কমিউনিটির উদ্যোগে নাহিদ ইসলামকে নাগরিক সংবর্ধনা দেওয়া হবে।